



গাজায় ইসরায়েলি হামলায় নিহতের সংখ্যা ছাড়াল ৭৩ হাজার



ছবি: সংগৃহীত

গাজা উপত্যকায় ইসরায়েলের চলমান সামরিক অভিযানে নিহত ফিলিস্তিনির সংখ্যা বেড়ে ৭৩ হাজার ৭৪ জনে পৌঁছেছে। আহতের সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ৭৩ হাজার ৫৩৭ জনে।

বৃহস্পতিবার ফিলিস্তিনি বার্তা সংস্থা ওয়াফা, গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্যমতে, সর্বশেষ ২৪ ঘণ্টায় ইসরায়েলি হামলায় আরও চারজন নিহত হয়েছেন। একই সময়ে আহত ১২ জনকে বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এদিকে, মধ্য গাজার নুসেইরাত শরণার্থী শিবিরে ইসরায়েলি ড্রোন হামলায় অন্তত সাতজন ফিলিস্তিনি আহত হয়েছেন বলে জানিয়েছে ওয়াফা।

প্রতিবেদন অনুযায়ী, গত বছরের অক্টোবরে যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় হামাস ও ইসরায়েলের মধ্যে যুদ্ধবিরতি কার্যকর হলেও গাজায় সহিংসতা পুরোপুরি বন্ধ হয়নি।

স্বাস্থ্য কর্তৃপক্ষের তথ্য বলছে, যুদ্ধবিরতি কার্যকরের পর থেকে এখন পর্যন্ত ১ হাজার ৫৯ জন ফিলিস্তিনি নিহত এবং ৩ হাজার ৪২৯ জন আহত হয়েছেন। একই সময়ে ধ্বংসস্তূপের নিচ থেকে ৭৮৮টি মরদেহ উদ্ধার করা হয়েছে।

গাজার স্বাস্থ্য কর্তৃপক্ষ জানিয়েছে, এখনো বহু মানুষ ধ্বংসস্তূপের নিচে আটকা পড়ে আছেন। উদ্ধারকাজে সীমাবদ্ধতার কারণে অ্যাম্বুলেন্স ও বেসামরিক প্রতিরক্ষা দল অনেক স্থানে পৌঁছাতে পারছে না।